

State Visit of President of India to Jamaica and St. Vincent & Grenadines (May 15-21, 2022)

May 07, 2022

ভারতের রাষ্ট্রপতির জ্যামাইকা, সেন্ট ভিনসেন্ট এবং গ্রেনেডিন্সে রাষ্ট্রীয় সফর(মে 15-21 ,2022)

মে 07, 2022

ভারতের মাননীয় রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ 15ই মে থেকে 21শে মে 2022 -এ জ্যামাইকা, সেন্ট ভিনসেন্ট ও গ্রেনেডিন্সে(এসভিজি)একটি রাষ্ট্রীয় সফর করবেন। ভারতের কোনো রাষ্ট্রপ্রধান হিসেবে এইদেশগুলিতে এটাই হবে ওনার প্রথম সফর।

রাষ্ট্রপতি 15 থেকে 18ই মে 2022 -এ জ্যামাইকা সফর করবেন। এই সফরকালে, তিনি প্রতিনিধি স্তরে তার সমকক্ষ জ্যামাইকার গভর্নর জেনারেল দ্য মোস্ট অনারেবল স্যার প্যাট্রিক অ্যালেনের সাথে বৈঠক করবেন। তিনি প্রধানমন্ত্রী দ্য মোস্ট অনারেবল অ্যান্ড্রিউ হোলনেস এবং অন্যান্য বিশিষ্টব্যক্তি বর্গের সাথেও সাক্ষাৎ করবেন। তিনি জ্যামাইকাসংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে বক্তব্য রাখবেন।

জ্যামাইকাএবং ভারতের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। জ্যামাইকা গিরমিত্যা দেশগুলির মধ্যে অন্যতম যেখানে 70,000-এর মত বৃহৎ ভারতীয় প্রবাসী রয়েছে যারা ভারতের সাথে জীবন্ত সেতুর ভূমিকা পালন করে। 2022 সালে জ্যামাইকার সাথে ভারতের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 60 তম বার্ষিকী উদযাপনের জন্য এই সফরটি একটি উল্লেখযোগ্য মাইলফলক বলে বিবেচিত। অধিকন্তু, ভারত এবং জ্যামাইকা যথাক্রমে তাদের স্বাধীনতার 75তম এবং 60 তম বর্ষ উদযাপন করছে।

18 থেকে 20শে মে 2022 -এ রাষ্ট্রপতি এসভিজি সফর করবেন। এই সফরকালে তিনি তার সমতুল্য গভর্নর জেনারেল হার হাইনেস শ্রীমতী সুসান দোগানের সাথে বৈঠক করবেন। প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ রালফ ই গঞ্জালভেজ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথেও সাক্ষাৎ করবেন। তিনি এসভিজির অ্যাসেম্বলিতে ভাষণ প্রদান করবেন।

এসভিজি ভারতের এক গুরুত্বপূর্ণ শরিক। 2022 -এ ইউএনএসসি-তে ভারত ও এসভিজি উভয়েই অস্থায়ী সদস্য এবং এইসময় কালে উত্তম সহযোগিতার ভাগিদার।

জ্যামাইকা এবং এসভিজে ক্যারিবিয়ান গোষ্ঠীর(সিএআরআইসিওএম)সক্রিয় সদস্য। এই সকল দেশগুলিতে সর্বপ্রথম রাষ্ট্রপ্রধানের সফর ক্যারিবিয়ান অঞ্চলের দেশগুলিতে ভারতের উচ্চ-পর্যায়ের সম্পর্কের ধারাবাহিকতা এবং ক্ষুদ্র উন্নয়নশীল দ্বীপপুঞ্জ দেশগুলির সাথে কাজ করার জন্য আমাদের ধারাবাহিক অঙ্গীকারকে জোরদার করে।

নিউ দিল্লি

মে 07, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.